

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী,  
ঢাকা-১২১২।



নম্বর ৩৫.০৩.০০০০.০০৩.৯৯.০০১.১৯.২২৫

তারিখ: ৭ বৈশাখ ১৪২৮

২০ এপ্রিল ২০২১

সড়কে সকল প্রকার পরিবহন চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা বর্ধিতকরণ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: ২১ এপ্রিল ২০২১ মধ্যরাত হতে ২৮ এপ্রিল ২০২১ মধ্যরাত পর্যন্ত সড়কে সকল প্রকার পরিবহন চলাচলে বিধি-নিষেধ আরোপ সংক্রান্ত।

করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতি অবনতির কারণে মন্ত্রিপরিষদ বিভাগের ১১ এপ্রিল ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১৮, ১২ এপ্রিল ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ ও ২০ এপ্রিল ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৬ নং পত্রের অনুবৃত্তিক্রমে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১১ এপ্রিল ২০২১ তারিখের ৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪.১৫-৪৩৬ ও ১২ এপ্রিল ২০২১ তারিখের ৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪.১৫-৪৪০ নং পত্রের ধারাবাহিকতায় ২০ এপ্রিল ২০২১ তারিখের ৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪.১৫-৪৫০ নং পত্রের নির্দেশনা মোতাবেক আগামী ২১ এপ্রিল ২০২১ মধ্যরাত হতে ২৮ এপ্রিল ২০২১ মধ্যরাত পর্যন্ত সড়কে সকল প্রকার পরিবহন চলাচলে নিম্নোক্ত বিধি-নিষেধ আরোপ করা হয়েছে:

- সড়কে সকল প্রকার পরিবহন বন্ধ থাকবে। তবে, পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা ও জরুরি সেবাদানের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না;
- আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন - কৃষি উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহন, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাৱশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে।

২। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

২০-৪-২০২১

শীতাংশু শেখর বিশ্বাস  
পরিচালক (ইঞ্জিনিয়ারিং)  
ফোন: ০২-৫৫০৪০৭১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ফনিব্ল রোড, ফুলবাড়িয়া, ঢাকা।
- ২) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রো পলিটন পুলিশ, রমনা, ঢাকা।
- ৩) অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ, ৩৪, শাহজালাল এভিনিউ, , সেক্টর-৪, উত্তরা, ঢাকা-১২৩০।
- ৪) পুলিশ কমিশনার, .....(সকল)
- ৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, .....(সকল সিটি কর্পোরেশন)
- ৬) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৭) জেলা প্রশাসক, ..... (সকল জেলা)।
- ৮) পুলিশ সুপার, .....(সকল জেলা)।
- ৯) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১০) উপপ্রধান তথ্য অফিসার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)
- ১১) উপপরিচালক(ইঞ্জিঃ), ঢাকা-১২১৬।/চট্টগ্রাম।/রাজশাহী।/খুলনা।/সিলেট।/বরিশাল।/রংপুর।
- ১২) মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, পরিবহন ভবন, ১১৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
- ১৩) চেয়ারম্যান, বাংলাদেশ বাস/ট্রাক ওনার্স এসোসিয়েশন, আহসানউল্লা ভবন, ২৫৭/ক, বাগবাড়ী দারুস সালাম, মিরপুর রোড, ঢাকা।
- ১৪) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রাক-কাভার্ড ভ্যান মালিক সমিতি , তেজগাঁও, ঢাকা।
- ১৫) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা।
- ১৬) সহকারী পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ..... সার্কেল, .....(সকল)।
- ১৭) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর শাখা, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৮) চেয়ারম্যানের একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৯) ব্যবস্থাপনা পরিচালক , উবার বাংলাদেশ লিমিটেড, বাড়ি নং- ৩৬, রোড নং-সোনারগাঁও জনপথ রোড, উত্তরা, ঢাকা।
- ২০) ব্যবস্থাপনা পরিচালক , পাঠাও লিমিটেড, সিডব্লিউএন(এ)(৭ম তলা), রোড # ৪৯, কামাল আতাতুর্ক এভিনিউ, গুলশান, মডেল টাউন, ঢাকা-১২১২।
- ২১) ব্যবস্থাপনা পরিচালক, ওভাই সলিউশনস লিমিটেড, জাহাজীর টাওয়ার (৫ম তলা), ১০, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
- ২২) ব্যবস্থাপনা পরিচালক, সহজ লিমিটেড, আনুস্কা ভবন (৬ষ্ঠ তলা), প্লট # ২৩, রোড # ০১, মিরপুর, ঢাকা।